



আপনার বাচ্চাকে পড়া (রিডিং) শিখানোর উপায়

বাচ্চারা শুধুমাত্র স্কুলেই পড়তে শিখে না। ঘর, অথবা বাইর, প্রত্যেক স্থানই বাচ্চাদের শিক্ষালাভের জন্য গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে কাজ করে।

পড়া (রিডিং) শিক্ষায় আপনার বাচ্চাকে সবচেয়ে ভালভাবে সাহায্য করার কয়েকটি কৌশল নিচে দেয়া হলো।

- আপনাকে যখন আপনার বাচ্চা পড়ে শোনাবে তখন সে যাতে সময় নিয়ে এবং ধীরে সুস্থে পড়ে যেতে পারে, সেই সুযোগ তাকে দেবেন।
- বাচ্চাকে তার বইটি ধরতে দেবেন, এবং কাভার (প্রচ্ছদ), পেইজ (পৃষ্ঠা বা পাতা) এবং টাইটোল (বইয়ের বা গল্পের নাম) ইত্যাদি শব্দ ব্যবহার করার উৎসাহ দেবেন।
- কোন বই পড়ার আগে, বইয়ের ভিতরের গল্প বা কাহিনীতে কি ঘটনার সম্ভাবনা রয়েছে, তা নিয়ে আলাপ করুন। কাভারে (প্রচ্ছদে) এবং ব্যাক কাভারে (একেবারে শেষের পতায়) গল্প বা কাহিনীটির কোন ইঙ্গিত দেয়া হয়েছে কি না তা দেখে নিন।
- বইয়ের ছবিগুলো নিয়ে আলাপ করুন - ছবিতে কি হচ্ছে না হচ্ছে সেই বিস্তারিত সম্ভাবনা করুন।
- আপনার বাচ্চা কোন ভুল করলে, সেই ভুল যাতে সে নিজে নিজে ধরতে পারে এবং তা শুদ্ধ করে নিতে পারে, সেজন্য তাকে সময় দেবেন।
- যদি কোন বাচ্চার কাছে কোন শব্দ পড়তে কঠিন লাগে, তাহলে ছবিতে সেই শব্দটির কোন আভাস কিংবা ইংগিত রয়েছে কি না, তা বের করতে তাকে সাহায্য করুন অথবা শব্দের প্রথম অক্ষরটি উচ্চারণ করুন। যদি শেষ পর্যন্ত সে শব্দটি পড়তে না পারে, শুধুমাত্র তখনই আপনি তাকে শব্দটি বলে দিয়ে সাহায্য করবেন; এতে আপনার বাচ্চা হতাশ হবে না।
- কোন বই পড়ে শেষ করার পর সেটি নিয়ে আলাপ করুন। বইটির বিষয়বস্তু কি তা আপনার বাচ্চা বুঝেছে কি না তা সুনিশ্চিত করে নেবেন - পাঠক হিসাবে বইয়ের বিষয়বস্তু বোঝা খুবই গুরুত্বপূর্ণ একটি বিষয়।
- আপনার বাচ্চা পড়তে না চাইলে, তাকে জোর করে পড়ানো এড়িয়ে চলবেন। যদি সে পড়তে না চায়, তাহলে আপনি নিজেই পড়ে শোনাবেন এবং আপনার সাথে যোগ দেয়ার জন্য তাকে উৎসাহ দিয়ে যাবেন।
- অনেক বাচ্চারই কয়েকটি প্রিয় বই থাকে এবং এগুলো তারা বার বার পড়তে চায়। এটি খুবই ভাল একটি লক্ষণ! জানা গল্প, কাহিনী বার বার পড়ার ফলে এবং সেগুলোর প্রতি আকর্ষণ থাকার ফলে আপনার বাচ্চার মধ্যে আস্থা গড়ে উঠবে।
- আপনার বাচ্চাকে নিয়ে যতো বেশি সম্ভব ঘন ঘন পড়তে বসবেন। এর মানে এই নয় যে, তাকে শুধু বই পড়তে হবে - বাজারঘাটের তালিকা (শপিং লিস্ট), খাদ্য-তালিকা (মেন্যু), অথবা নির্দেশ, যে কোন ধরনের লিখা তাকে পড়তে বলতে পারেন।
- মনে রাখবেন যে, আমাদের চারিপাশে অনেক শব্দ ছড়িয়ে আছে! নাম, সাইন (বাজারঘাটের সাইনবোর্ড), বিজ্ঞাপন এবং মোড়কের লিখা (লেবেল), ইত্যাদি পড়তে তাকে উৎসাহ দেবেন।

মনে রাখবেন!

পড়ার সময় বাচ্চাকে বাহবা এবং উৎসাহ দিয়ে যাওয়া খুবই দরকারী একটি বিষয়।